



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.৩১.২৮.২০২০/১৪৭০/২

তারিখ : ২৫/০৫/২০২২ খ্রি.

বিষয় : রাজশাহী জেলার বাঘা উপজেলাধীন মনিগ্রাম আদর্শ মহাবিদ্যালয়ে অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে এমপিওভুক্তকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বাঘা উপজেলাধীন মনিগ্রাম আদর্শ মহাবিদ্যালয়ে কর্মরত জনাব মো: গিয়াস উদ্দিনকে শূন্যপদে এমপিওভুক্তির জন্য প্রতিষ্ঠান থেকে আবেদন করা হয়। দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মো: গিয়াস উদ্দিন গত ২২/১১/২০০৮ খ্রি. তারিখে অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে যোগদান করেন। যোগদানকালীন সময়ে বর্ণিত কর্মচারীর শিক্ষাগত যোগ্যতা ছিল, মানবিক বিভাগ থেকে এসএসসি ও এইচএসসি পাস। জনবল কাঠামো-১৯৯৫ অনুযায়ী অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে বাণিজ্য বিভাগ থেকে উচ্চমাধ্যমিক পাস থাকতে হবে। নিয়োগকালীন সময়ের জনবল কাঠামো অনুযায়ী অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে নিয়োগের জন্য বর্ণিত কর্মচারীর কাম্য শিক্ষাগত যোগ্যতা ছিল না। অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে নিয়োগের জন্য জনবল কাঠামো অনুযায়ী কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় এমপিওভুক্তির সুযোগ নাই।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অবহিত করা হলো।

*Handwritten signature* ২২.৫.২২

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

মনিগ্রাম আদর্শ মহাবিদ্যালয়

বাঘা, রাজশাহী।

বিতরণ :

- (১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
- (২) সংরক্ষণ নথি।